

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।

স্মারক নং- ১৩.০১.৭৩৬৪.০০৫.৪৫.০৬৭.২৩.৮৮

তারিখ-১৫/০২/২০২৪ খ্রিঃ


বিষয় : চলতি আমন সংগ্রহ/২০২৩-২৪ মৌসুমে চুক্তি সম্পাদনকারী চালকল মালিকদের চুক্তির চাল নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যগুদামে সরবরাহ নিশ্চিতকরণ প্রসংগে।

সূত্র : ১। খাদ্য অধিদপ্তর, ঢাকা এর ২১/১২/২০২৩খ্রিঃ তারিখের স্মারক নং-২৭৬।
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী এর ২৪/১২/২০২৩খ্রিঃ তারিখের স্মারক নং- ২৩৪৮।
৩। অত্র দপ্তরের ২৬/১২/২০২৩খ্রিঃ তারিখের স্মারকের স্মারক নং-৭৪০।

উপর্যুক্ত বিষয় ও সূত্র স্মারকের প্রেক্ষিতে আপনাকে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ/২০২৩-২৪ মৌসুমে চাল সংগ্রহ কার্যক্রম গত ২৩/১১/২০২৩খ্রিঃ তারিখ থেকে শুরু হয়েছে, যা আগামী ২৮/০২/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত চলবে। চালকল মালিকদের চুক্তি সম্পাদনের সর্বশেষ তারিখ ছিল ০৭/১২/২০২৩খ্রিঃ। কিন্তু চুক্তি সম্পাদনের প্রায় ০২ (দুই) মাস ১০ (দশ) দিন অতিবাহিত হলেও আপনি চুক্তিকৃত মেঃ টন চালের মধ্যে.....মেঃ টন চাল/কোন চালই খাদ্যগুদামে সরবরাহ করেন নি। এতে উদ্বর্তন কর্তৃপক্ষ চরম অসন্তোষ প্রকাশ করেছেন। তাছাড়া অত্যাৱশ্যকীয় খাদ্যশস্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ আদেশ, ২০২২ এর ৭ নং অনুচ্ছেদের শর্ত মোতাবেক এবং সংগ্রহের অন্যান্য নির্দেশনা অনুযায়ী দ্রুততম সময়ে সরকারি খাদ্যগুদামে চাল সরবরাহ করার বিষয়ে সংশ্লিষ্ট মিলারদেরকে ব্যাখ্যা তলব ও মিল পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বলা হয়।

এমতাবস্থায়, আপনার মিলের অনুকূলে চুক্তিকৃত সমুদয়/অবরবরাহকৃত চাল জরুরী ভিত্তিতে সংশ্লিষ্ট এলএসডিতে নির্ধারিত সময়ের পূর্বেই সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রাপক :
মেসার্সহাফিজ মিল
প্রোঃ
..... নীলফামারী সদর, নীলফামারী।


(মোঃ জাহিরুল হক)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নীলফামারী সদর, নীলফামারী।
তারিখ-১৫/০২/২০২৪ খ্রিঃ

স্মারক নং- ১৩.০১.৭৩৬৪.০০৫.৪৫.০৬৭.২৩. ৮৮

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর বিভাগ, রংপুর।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নীলফামারী।

৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি, নীলফামারী সদর, নীলফামারী।

৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, নীলফামারী সদর এলএসডি, নীলফামারী। → চাল অসরবরাহকারী মিল মালিকদের সহিত যোগাযোগ করতঃ সংগ্রহের নির্ধারিত সময়ের পূর্বেই চাল সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

৫। সভাপতি/সম্পাদক, উপজেলা চালকল মালিক সমিতি, সদর, নীলফামারী। → উপজেলার সকল চালকল মালিকগণকে বিষয়টি অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো।

৬। দপ্তর নথি।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
নীলফামারী সদর, নীলফামারী।